

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 04-11-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সীমান্ত সুরক্ষায় বি.এস.এফের ভূমিকার ভূয়সী প্রশংসা করেছেন।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন জনজাতিদের আর্থসামাজিক উন্নয়নে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ।
- (৩) বিহার বিধানসভা নির্বাচনের প্রথম পর্বের প্রচার অভিযান আজ সন্ধ্যায় শেষ হয়েছে।
- (৪) রঞ্জি ট্রফির চারদিনের খেলায় বাংলার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়ে ইতিহাস গড়ে ত্রিপুরা ড্র করেছে।

\*\*\*\*\*

**Governor Visit :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সীমান্ত সুরক্ষায় বি.এস.এফের ভূমিকার ভূয়সী প্রশংসা করেছেন। তিনি বলেন, সীমান্তে বি.এস.এফের সতর্ক প্রহড়ার কারণে জনগন সুরক্ষিত। আজ ঊনকোটি জেলার সীমান্ত এলাকা পরিদর্শনকালে বি.এস.এফের আধিকারিক ও জওয়ানদের সঙ্গে আলোচনার সময় তিনি একথা বলেন। তিনি কৈলাশহরের সীমান্তবর্তী রাঙ্গাউটির বি.এস.এফের ৫৫ নম্বর দিয়ে ভারতীয় ভূখণ্ড থেকে ইন্দো-বাংলাদেশের সীমান্ত পর্যবেক্ষণ করেন। তিনি সীমান্ত সড়কপথ ও সীমান্তের কাঁটাতারের বেড়াও দেখেন। সীমান্ত সড়কপথে কৈলাশহরের লাটিয়াপুড়া বি.এস.এফ ১৯৯ ব্যাটেলিয়ানের বি.ও.পি পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে বি.এস.এফের এক প্রহরী সন্মেলন এ অংশ নেন।

দুদিনের ঊনকোটি জেলা সফরে আজ সকালে কৈলাশহরে পৌঁছুলে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে তাঁকে সম্মানসূচক "গার্ড অব অনার" দেওয়া হয়।

রাজ্যপাল কৈলাশহরের খাওড়াবিলস্থিত ঐতিহ্যবাহী চৌদ দেবতা মন্দির পরিদর্শন করেন। তিনি ত্রিপুরা গ্রামীণ আ-জীবিকা মিশন আয়োজিত স্ব-সহায়ক দলের উৎপাদিত সামগ্রীর স্টল ও পরিদর্শন করেন।

শ্রী রেড্ডি সীমান্ত গ্রাম সফরিকান্দি ও লক্ষীপুর এলাকায় যান এবং এলাকার পানীয় জল, বিদ্যুৎ, রাস্তাঘাটের উন্নয়ন বিষয়ে খোঁজখবর নেন। আকাশবাণীকে দেওয়া এক সাক্ষাৎকারে রাজ্যপাল জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকারের লক্ষ্য, সীমান্ত এলাকায় ও দ্রুত উন্নয়নের কাজ এগিয়ে নিয়ে যাওয়া। ত্রিপুরাতে ৮৫০ কিলোমিটার দীর্ঘ ইন্দো-বাংলাদেশ সীমান্ত রয়েছে প্রতিবেশী বাংলাদেশের সঙ্গে। এই সীমান্ত এলাকায় বসবাসকারীদের সঙ্গে মতবিনিময় ও আলোচনা করা তার সফরের লক্ষ্য।

\*\*\*\*\*

#### **CM-Weavers :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন জনজাতিদের আর্থসামাজিক উন্নয়নে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্য হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তর আয়োজিত মুখ্যমন্ত্রী জনজাতি মহিলা তাঁতি উন্নয়ন কর্মসূচির অন্তর্গত সুতা বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন, মুখ্যমন্ত্রী জনজাতি বিকাশ যোজনায় ৯ হাজার ৩২৬ জন সুবিধা ভোগীদের ইতিমধ্যে ২৫ হাজার টাকা করে আর্থিক অনুদান দেওয়া হয়েছে। তাছাড়া সরকার সিদ্ধান্ত নিয়েছে শীঘ্রই ১০০শয্যা বিশিষ্ট ৩টি এবং ৫০ শয্যা বিশিষ্ট ৭টি জনজাতি ছাত্রছাত্রীদের জন্য হোস্টেল নির্মাণ করা হবে। হোস্টেলগুলিতে সৌর বিদ্যুৎ ও জল পরিষেবা প্রদানের জন্য সরকার ১৯ কোটি টাকা প্রদান করেছে। তিনি আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ত্রিপুরায় তাঁত শিল্পের প্রসারের উপর গুরুত্ব আরোপ করেন। জনজাতিদের সংস্কৃতির বিকাশেও গুরুত্ব আরোপ করেন মুখ্যমন্ত্রী।

#####Byte-CM#####

বক্তব্য রাখেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেবর্মা, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। অনুষ্ঠানে মহিলা তাঁতিদের মধ্যে ১ কেজি ২৫০ গ্রাম করে সুতা বিতরণ করা হয়।

\*\*\*\*\*

#### **Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্যের ৬০টি বিধানসভা কেন্দ্রে ৬০টি বাজার নির্মাণের জন্য রাজ্য সরকার মোট ১৬০ কোটি টাকা বরাদ্দ করেছে। তুলাশিখর কৃষি উপ-বিভাগের অধীনে তুলাশিখর প্রাথমিক গ্রামীণ বাজারের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, কৃষকদের আয় বৃদ্ধি ও খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করতে কৃষিদপ্তর নিরলসভাবে কাজ করেছে।

\*\*\*\*\*

#### **CM-Media Workshop :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সংবাদমাধ্যমের স্বাধীনতা বজায় রাখার ক্ষেত্রে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। সমাজে দুর্নীতি, অন্যায় অবিচার হয়ে থাকলে সংবাদমাধ্যম তা বলিষ্ঠভাবে তুলে ধরে। আজ আগরতলা প্রেস ক্লাবে ৩ দিনব্যাপী মিডিয়া ওয়ার্কশপের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে নিয়মিতভাবে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। সংবাদমাধ্যমে যেসব বিষয় প্রকাশিত হচ্ছে সেবিষয়ে উচ্চপর্যায়ের বৈঠকে বসে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য জেলাশাসক থেকে শুরু করে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেওয়া হচ্ছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত সচিব অপূর্ব রায়, আগরতলা প্রেস ক্লাবের সভাপতি প্রণব সরকার, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য প্রমুখ। ৩ দিনব্যাপী এই ওয়ার্কশপে ৭ জন বিশেষজ্ঞ বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন। বিভিন্ন সংবাদমাধ্যমের ৩৫০ এরও বেশি সাংবাদিক ও আলোকচিত্রী এই ওয়ার্কশপে অংশ নিয়েছেন।

\*\*\*\*\*

### **Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব রাজ্যে ৩টি রোপওয়ে নির্মানের কাজ দ্রুত শেষ করার বিষয় নিয়ে আজ নতুনদিল্লীতে ন্যাশানাল হাইওয়ে লজিস্টিকস ম্যানেজমেন্ট লিমিটেডের প্রধান কার্যকরী আধিকারিক রাজেশ মলিকের সঙ্গে আলোচনা করেন। রোপওয়েগুলি হল মহারানী থেকে ছবিমুড়া, উদয়পুর রেল স্টেশন থেকে ত্রিপুরাসুন্দরী মন্দির এবং ত্রিপুরা সুন্দরী মন্দির থেকে ছবিমুড়া।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **Bihar Election :**

বিহার বিধানসভা নির্বাচনের প্রথম পর্বের প্রচার অভিযান আজ সন্ধ্যায় শেষ হয়েছে। প্রথম পর্যায়ে, এমাসের ৬ তারিখে ১৮টি জেলার ১২১টি বিধানসভা আসনে ভোটগ্রহণ করা হবে। এই পর্বে মোট এক হাজার ৩১৪

জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন তিন কোটি ৭৫ লক্ষেরও বেশি ভোটার। প্রথম পর্বের জন্য নির্বাচন কমিশন ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে। দ্বিতীয় পর্যায়ে, ২০টি জেলার ১২২টি বিধানসভা আসনে এই মাসের ১১ তারিখে ভোটগ্রহণ হবে এবং ভোট গণনা ১৪ নভেম্বর অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

### **Package Story-Uttar Jal Sanchay Yatra :**

ব্যাপক নগরায়ন, দ্রুতবর্ধমান জনসংখ্যা এবং স্থান সংকুলানের কারণে বহুতল আবাসন ইত্যাদি জলসংকটের ঝুঁকি অনেকগুণ বাড়িয়ে দিয়েছে। সেই উপলব্ধি থেকেই জল সঞ্চয় যাত্রার পরিকল্পনা। উত্তর ত্রিপুরার জেলা শাসক চাঁন্দনী চন্দ্রনের আন্তরিক প্রয়াসে গোটা জেলায় মোট ৫০,০০০ সোকপিট নির্মাণ - মাটির নিচের জলের স্তরের ভারসাম্য বজায় রাখার ক্ষেত্রে সহায়ক হবে। এনিয়ে একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

### **One North East :**

তিপ্রা মথা দলের প্রতিষ্ঠাতা প্রদ্যোৎ কিশোর দেববর্মা আজ দিল্লিতে সাংবাদিক সম্মেলনে জানান, উত্তর-পূর্বাঞ্চলের জনগণের স্বার্থ, পরিচয় ও উন্নয়নের দাবিকে একক কণ্ঠে জাতীয় স্তরে তুলে ধরতে 'ওয়ান নর্থ ইস্ট' নামে নতুন মঞ্চ গঠন করা হয়েছে। এ নিয়ে যৌথ ঘোষণায় স্বাক্ষর করেছেন মেঘালয়ের মুখ্যমন্ত্রী ও ন্যাশনাল পিপলস পার্টির সভাপতি কনরাড কে. সাংমা, ত্রিপুরার তিপ্রা মথা পার্টির প্রতিষ্ঠাতা প্রদ্যোত কিশোর দেববর্মা, নাগাল্যান্ডে বিজেপি-র প্রাক্তন মুখপাত্র ও রাজ্যের মন্ত্রী মোহনলুমো কিকন এবং আসাম পিপলস পার্টির প্রতিষ্ঠাতা ড্যানিয়েল ল্যাংথাসা। শ্রী দেববর্মা আরও বলেন, তরুণ প্রজন্মের নেতারা দীর্ঘদিন ভিন্ন ভিন্ন রাজনৈতিক মঞ্চ থেকে একই সমস্যা ও উদ্বেগের কথা বলে এসেছেন। এখন সময় এই সব কণ্ঠ একত্রিত হয়ে মানুষের জন্য এক শক্তিশালী যৌথ কণ্ঠ তৈরি করবে।

\*\*\*\*\*

### **Brahmakunda Mela :**

রাস পূর্ণিমা তিথি উপলক্ষে ৩ দিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা আগামীকাল থেকে সিমনায় অনুষ্ঠিত হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তর, মোহনপুর মহকুমা প্রশাসন ও ব্রহ্মকুন্ড মেলা কমিটির যৌথ উদ্যোগে আয়োজিত এই মেলার উদ্বোধন করবেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ। উপস্থিত থাকবেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিৎ শীল, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার প্রমুখ।

\*\*\*\*\*

### **Ranji Trophy :**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় বাংলার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়ে ইতিহাস গড়ে ত্রিপুরা ড্র করেছে। ফলে এম্যাচ থেকে ত্রিপুরা ৩ পয়েন্ট ও বাংলা ১ পয়েন্ট পেলো। এম বি বি স্টেডিয়ামে চতুর্থ তথা শেষ দিনে আজ ৭ উইকেটে ২৭৩ রান থেকে খেলতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে লিড নিয়ে সবকটি উইকেট হারিয়ে ৩৮৫ রান করে। দলের পক্ষে হনুমা বিহারী ১৪১ ও দলনেতা মণিশংকর মুডাসিং অপরাজিত ১০২ রান করেন। বাংলার মহম্মদ কাইফ ৭৯ রানে ৪টি উইকেট পান। ৪৯ রানে পিছিয়ে থেকে সফরকারী বাংলা দ্বিতীয় ইনিংসে ৩ উইকেট হারিয়ে ৯০ রান করার পর ম্যাচটি শেষ হয়। এর আগে বাংলা প্রথম ইনিংসে ৩৩৬ রান করেছিল। উল্লেখ্য রঞ্জি'র নিয়ম অনুযায়ী ম্যাচ ড্র হলে প্রথম ইনিংসে যে দল লিড নেয় তারা ৩ পয়েন্ট ও প্রতিপক্ষ দল ১ পয়েন্ট পায়।

\*\*\*\*\*

### **CK Nayudu Trophy :**

কর্ণেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় সৌরাষ্ট্রের বিরুদ্ধে ফলোঅনে নেমে ম্যাচ বাঁচাতে লড়াই করেছে ত্রিপুরা। নরসিংগড়ের পিটিএ মাঠে আজ তৃতীয় দিনে বিনা উইকেটে ১১ রান থেকে

রাজ্যদল দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে দিনের শেষে ৫ উইকেট হারিয়ে ৩৩২ রান করে। দলের পক্ষে আনন্দ ভৌমিক ৮৫ ও সঞ্জিৎ দাস ৬৩ রান করে। এর আগে সৌরাষ্ট্রের প্রথম ইনিংসে ৪৫৪ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ১৩৯ রান করেছিল।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*